# জে এস সি পরীক্ষা - ২০১৯ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## ইসলাম ও নৈতিক শিক্ষা

বিষয় কোড : | 1 | 1 | 1 |

### সৃজনশীল প্রশ্ন

সময়– ২ ঘণ্টা ৩০ মিনিট　　　　　　　　　　　　　　　　　　মান– ৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচে উল্লিখিত উদ্দীপকগুলো মনোযোগসহ পড়ে সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১.▶ ইসলাম শিক্ষা বিষয়ের শিক্ষক শ্রেণিতে ইমান ও আকাইদ বিষয়ে আলোচনায় বলেন, ইসলাম ধর্মের অনুসারী হওয়ার জন্য সর্বপ্রথম মৌলিক কতিপয় বিষয়ের প্রতি বিশ্বাস স্থাপন করতে হয়। ইসলামের মৌলিক বিষয়গুলোর উপর বিশ্বাসকে আকাইদ বলে। ছাত্রদের প্রশ্ন করার সুযোগ দেওয়ায় শরীফ বলল, আমি ইমানের সাতটি বিষয়কে বিশ্বাস করি। কিন্তু নিয়মিত সালাত আদায় করতে পারি না। কাজেই পূর্ণ ইমানদার হতে হলে আমাকে কী করতে হবে? শিক্ষক ছাত্র শরীফকে বিষয়টি বুঝিয়ে দিলেন।

ক. ইমান শব্দের অর্থ কী? ১

খ. ইমান বলতে কী বোঝায়? ২

গ. প্রকৃত মুমিন হতে হলে শরীফকে কী করতে হবে? ব্যাখ্যা করো। ৩

ঘ. ইমান আনার ফলে শরীফ ইহকাল ও পরকালে কী কী সুফল ভোগ করবে? বিশ্লেষণ করো। ৪

২. ★ শাফিয়া ও রাফিয়া দুই বান্ধবী। রোহিঙ্গা শরণার্থী দেখতে যাবে বলে দু'জনেই দিন-তারিখ ঠিক করে। শাফিয়া নির্দিষ্ট তারিখে প্রস্তুতি নিয়ে রাফিয়ার অপেক্ষায় থাকে। এদিকে রাফিয়া তার বাবার কাছ থেকে টাকা নিয়ে অন্যত্র ঘুরতে যায়। পরদিন রাফিয়ার সাথে শাফিয়ার দেখা হয়। শাফিয়া বিষয়টি উত্থাপন করলে উভয়ের মধ্যে ঝগড়া হয় এবং উভয়ই মনঃক্ষুণ্ন হয়।

ক. মুনাফিকের চিহ্ন কয়টি? ১

খ. তাকদিরে বিশ্বাস বলতে কী বোঝায়? ২

গ. রাফিয়ার আচরণে কী প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. শাফিয়ার কার্যক্রমের ফলাফল পাঠ্যপুস্তকের আলোকে ব্যাখ্যা করো। ৪

৩.▶ আমরা ইসলামি জীবন ধারায় বিশ্বাসী তওহিদবাদী মুসলমান। তাই অনুশীলনকারী মুসলমান হিসাবে দিনযাপনের প্রণালী হবে আল্লাহ ও তাঁর রাসুলের দেখানো আদর্শের আলোকে ধারাবাহিক ছক অনুযায়ী।

https://teachingbd24.com

ক. ফেরেশতাগণ কীসের তৈরি? ১
খ. মৃত্যুর পর পুনরুত্থান বলতে কী বোঝায়?" ২
গ. "আল্লাহ স্বয়ং সম্পূর্ণ ও সার্বভৌম ক্ষমতার অধিকারী"-আলোচনা করো। ৩
ঘ. ইমান আনার শুভ পরিণাম কী? কুরআনের আলোকে বিশ্লেষণ করো। ৪

৪. ★ কাজীপাড়ার বেশীর ভাগ মানুষ ইসলামের নিয়ম কানুন না মেনে নানা অবৈধ কর্মকাণ্ডে লিপ্ত ছিল। কিন্তু বর্তমানে তাদের পরিবর্তন হয়েছে। কাজীপাড়া জামে মসজিদের ইমাম সাহেব তাদেরকে বোঝাতে সক্ষম হয়েছেন যে, দুনিয়ার শান্তি ও আখিরাতে মুক্তি পেতে ইমান ও সৎকাজের কোন বিকল্প নেই।

ক. মানুষের মৃত্যু থেকে কিয়ামত পর্যন্ত সময় কী বলে? ১
খ. আসমানি কিতাব বলতে কী বোঝায়? ২
গ. কাজীপাড়াবাসীদের ধর্মীয় নৈতিক পরিবর্তনে ইমানের কোন বিষয়টি ভূমিকা রেখেছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. আখিরাতে মুক্তি ও জান্নাত লাভ প্রসঙ্গে ইমাম সাহেবের মতামতের যথার্থ নিরূপণ করো। ৪

৫. ▶ চৌধুরী শরিফ হাসান ইমাম সাহেবের-কাছে জানতে চান পির সাহেব কি আমাদের সকলকে জান্নাতে নিয়ে যেতে পারেন? ইমাম সাহেব বললেন, "রাসুল (স) সুপারিশ করে জান্নাতে নিয়ে যেতে পারেন। রাসূল (স) বলেছেন, আমাকে শাফাআত করার অধিকার দান করা হয়েছে।" চৌধুরী শরিফ হাসান বলল, "আর কেউ কি পারবেন না?" তখন ইমাম সাহেব বললেন, "আল্লাহর অনুমতি সাপেক্ষে নেক্কার বান্দারাও সুপারিশ করতে পারবেন?

ক. শাফাআত শব্দের অর্থ কী? ১
খ. শাফাআত বলতে কী বোঝায়? ২
গ. পির সাহেব তার মুরিদদের জন্য শাফাআত করতে পারবে কি? ব্যাখ্যা করো। ৩
ঘ. "আমাকে শাফাআত করার অধিকার দান করা হয়েছে।" রাসুলুল্লাহ (স) এর বাণীটি বিশ্লেষণ করো। ৪

৬. ★ মনসুর সাহেব ও ইকবাল সাহেব একই অফিসে চাকরি করেন। ইকবাল সাহেব একজন ধর্মপরায়ণ ব্যক্তি। অফিসের সবার সাথেই তিনি ভদ্রভাবে কথা বলেন। একদিন মনসুর সাহেব তার অধীনস্ত কর্মচারী রাশেদকে এক গ্লাস পানি ও ফাইল আনতে বলেন। রাশেদ আসতে দেরি করায় মনসুর সাহেব তার সাথে অশ্লীল ভাষা ব্যবহার করেন। বিষয়টি অফিসের উর্ধ্বতন কর্মকর্তা জানতে পেরে বলেন, "মুমিন ব্যক্তির আচরণ এরূপ হতে পারে না।"

https://teachingbd24.com

ক. জান্নাত শব্দের অর্থ কী? ১

খ. জাহান্নামের শাস্তির ধরন কী রূপ? ব্যাখ্যা করো। ২

গ. মনসুর সাহেবের আচরণটি কীসের পরিপন্থি? ব্যাখ্যা করো। ৩

ঘ. অফিসের উর্ধ্বতন কর্মকর্তার উক্তিটি কি যথার্থ? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৭. ★ রায়হানুল কবির সাহেব ব্যবসা করে প্রচুর সম্পত্তির মালিক হয়েছেন। তিনি দুই-এক বছর পরপরই হজব্রত পালন করেন। কিন্তু তিনি তার গরিব ভাই-বোন ও সমাজের দরিদ্র-অসহায় লোকদের সাথে সম্পর্ক রাখেন না। এ নিয়ে সমাজে চলছে নানা ধরনের কথাবার্তা। এসব কথাবার্তা তাঁর চাচা আব্দুল আজিজ এর কানে এলে, তিনি রায়হানুল কবিরকে বললেন, "সমাজে ধনী-গরিবের বৈষম্য ভুলে গিয়ে সবার প্রতি সদয় হও।"

ক. কুরবানির সমার্থক শব্দটি কী? ১

খ. 'বায়তুল্লাহর হজ আল্লাহর প্রাপ্য' বুঝিয়ে লেখ। ২

গ. রায়হানুল কবির সাহেবের কার্যক্রমে কার আদেশ যথাযথভাবে পালন হয়নি- ব্যাখ্যা করো। ৩

ঘ. আব্দুল আজিজ সাহেবের মানসিকতা হজের সামাজিক ও সাংস্কৃতিক দৃষ্টিভঙ্গিতে মূল্যায়ন করো। ৪

৮. ★ আহমদ সাহেব ছেলের বাবা হয়েছেন। জন্মের সপ্তম দিনে সন্তানের কল্যাণ কামনা করে ইসলামি শরিয়ত অনুযায়ী আকিকা সম্পন্ন করতে হয়। এই কাজটি কীভাবে সম্পন্ন করতে হয় তা জানতে আহমাদ সাহেব ঈমাম সাহেবের কাছে যান। ঈমান সাহেব তাকে আকিকা করার নিয়মকানুন শিখিয়ে দেন ও এর গুরুত্ব সম্পর্কে বলেন।

ক. 'আকিকা' শব্দের অর্থ কী? ১

খ. সন্তান জন্মের পর পিতামাতার করণীয় কী? ২

গ. আহমাদ সাহেব কীভাবে আকিকার কাজটি সম্পন্ন করবেন? বর্ণনা করো। ৩

ঘ. উদ্দীপকে সন্তান জন্মের সপ্তম দিনে যে কাজটি করার কথা বলা হয়েছে তার গুরুত্ব আলোচনা করো। ৪

৯. ▶ মুসান্না সাহেব একজন ধর্মপরায়ণ ব্যক্তি। এলাকায় একটি মসজিদ নির্মাণের জন্য জায়গার প্রয়োজন হলো। সবাই মিলে একটি চমৎকার জায়গা নির্বাচন করল। জায়গাটি মুসান্না সাহেবের ফসল উৎপাদনের একমাত্র অবলম্বন। কিন্তু সবাই মিলে

Teachingbd24.com

অনুরোধ করায় তিনি তা মসজিদের জন্য নি:স্বার্থভাবে দিতে সম্মত হন। তার এ কাজে তার বড় ভাই ওসামা অসন্তুষ্ট হন এবং উক্ত জায়গা দিতে প্রচণ্ড ভাবে বাধা প্রদান করেন।

ক. জিলহজ মাসের কোন তারিখে আরাফায় অবস্থান করতে হয়? ১

খ. 'তাওয়াফে কুদ্দুম' বলতে কী বোঝায়? ২

গ. মুসান্নাব কাজের মাধ্যমে ইবাদতের কোন শিক্ষাটি প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. ওসামার কার্যক্রম ইবরাহিম (আ.) ও হযরত ইসমাইল (আ) এর ঘটনার আলোকে বিশ্লেষণ করো। ৪

১০.▶ তামিদ ও তানজিম দুই বন্ধু। তারা উভয়েই রমযান মাসের শেষ দশ দিন ইবাদতে ব্রতী হওয়ার সংকল্প করেন। ফলে তামিদ রমযানের বিশ তারিখ হতে নিকটবর্তী মসিজেদ ইতিকাফের মাধ্যমে ইবাদত বন্দেগিতে রত থাকেন। অপরপক্ষে তানজিম ইতিকাফে যোগদান না করলেও কুরআন খতম করার মানসিকতা নিয়ে প্রতি রাতে তাড়াতাড়ি ও অস্পষ্টভাবে কুরআন তিলাওয়াত করেন।

ক. আল-নূর শব্দের অর্থ কী? ১

খ. 'আযিবুন আলাইহি' বাক্যটি ইযহারের দৃষ্টিকোণ থেকে ব্যাখ্যা করো। ২

গ. তানজিমের কুরআন তিলাওয়াতে শরিয়তের কোন বিধানটি লজ্ঘিত হয়েছে? পাঠ্যপুস্তকের আলোকে ব্যাখ্যা করো। ৩

ঘ. তামিদ রমযানের শেষ দশ দিনের বিশেষ পদ্ধতিতে ইবাদত করার মূল রহস্য সূরা আল-কাদরের আলোকে বিশ্লেষণ করো। ৪

১১.▶ ফাহিম ও ফয়সাল দুই ভাই। ফাহিম নিজের জমিতে কাজ করার জন্য শ্রমিকদের নিয়োগ করে থাকেন অথচ - কাজ শেষে তাদেরকে পারিশ্রমিক দিতে গড়িমসি করে থাকেন। পক্ষান্তরে তার ভাই ফয়সাল ইউপি চেয়ারম্যান। তিনি সামাজিক বিচারকার্য ন্যায়পরায়ণতার সাথে করেন। তার সুন্দর আচরণে লোকেরা মুগ্ধ।

ক. 'আল্ ফুরকান' অর্থ কী? ১

খ. কুরআন মজিদের নাম 'আল্-কুরআন' রাখা হয়েছে কেন? ২

গ. ফাহিমের কর্মকাণ্ডে নৈতিক শিক্ষামূলক কোন হাদিসের শিক্ষার অভাব রয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. চেয়ারম্যান ফয়সালের কর্মকাণ্ড নৈতিক শিক্ষামূলক আয়াতের আলোকে মূল্যায়ন করো। ৪

https://teachingbd24.com

# ইসলাম ও নৈতিক শিক্ষা

বিষয় কোড : | 1 | 1 | 1 |

## বহুনির্বাচনি অভীক্ষা

সময়—৩০ মিনিট | মান—৩০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে সঠিক উত্তরের বর্ণটিতে টিক (✓) চিহ্ন দাও। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]

**১. ইমানের মৌলিক বিষয় কয়টি?**
ⓚ তিনটি ⓚ পাঁচটি
ⓖ সাতটি ⓖ নয়টি

**২. ★ ইসলামের প্রধান ভিত্তি কী?**
ⓚ ইমান ⓚ সাওম
ⓖ রিসালাত ⓖ আকাইদ

**৩. প্রধান ফেরেশতা কয়জন?**
ⓚ ২ জন ⓚ ৪ জন
ⓖ ৬ জন ⓖ ৮ জন

**৪. ফেরেশতাদের প্রকৃত সংখ্যা জানেন—**
ⓚ আল্লাহ ⓚ নবি-রাসুলগণ
ⓖ পির সাহেবগণ ⓖ বিজ্ঞানীগণ

**৫. ★ আসমানি কিতাব নাযিল হয়েছে কেন?**
ⓚ নতুন প্রযুক্তির জন্য
ⓚ বিজ্ঞানীদের শিক্ষা দেওয়ার জন্য
ⓖ দার্শনিক বস্তু উপস্থাপনের জন্য
ⓖ মানুষের কল্যাণের জন্য

**৬. আল্লাহকে অবিশ্বাস করা কী?**
ⓚ শিরক ⓚ নিফাক
ⓖ কুফর ⓖ মুনাফিকি

**৭. তাকদিরে বিশ্বাস করা কী?**
ⓚ ফরজ ⓚ সুন্নাত
ⓖ ওয়াজিব ⓖ মুস্তাহাব

**৮. ইসলামের চরম শত্রু কে?**
ⓚ মুনাফিক ⓚ মুশরিক
ⓖ ইহুদি ⓖ খ্রিষ্টান

**৯. ★ নবি-রাসুলগণ মানুষকে কী শিক্ষা দিতেন?**
ⓚ জীবনকে ভালোভাবে উপভোগের
ⓚ অর্থনৈতিক উন্নতির
ⓖ ভালো-মন্দ, ন্যায়-অন্যায়ের
ⓖ নবি-রাসুলগণকে সম্মান করার

**১০. মুমিন হওয়ার জন্য জরুরি—**
i. ইসলামের প্রতি আন্তরিক বিশ্বাস
ii. মুখে স্বীকার করা
iii. বিশ্বাস অনুযায়ী আমল করা

**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ ii ও iii
ⓖ i ও iii ⓖ i, ii ও iii

**১১. মুনাফিকরা কাজ করে কীভাবে?**
ⓚ ভালোভাবে
ⓚ শত্রুর গুপ্তচর হিসেবে
ⓖ প্রকাশ্যে
ⓖ লুকিয়ে

**১২. মুনাফিকদের মানুষ বিশ্বাস করে না। কারণ—**
ⓚ তারা সর্বদা মিথ্যা বলে
ⓚ তারা আমানতের খিয়ানত করে
ⓖ তারা ওয়াদা ভঙ্গ করে
ⓖ তারা দ্বিমুখী নীতি অবলম্বন করে

**১৩. 'মুহাইমিনুন' শব্দের অর্থ কী?**
ⓚ অতিশয় দয়াবান ⓚ রক্ষণাবেক্ষণকারী
ⓖ অমুখাপেক্ষী ⓖ হিসাব গ্রহণকারী

**নিচের উদ্দীপকটি পড়ে ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও:**

জনাব আব্দুল আলিম অত্যন্ত দয়াবান ব্যক্তি। তিনি নিজের পরিবারের সদস্যদের প্রতি যেমন উদার ও মমতাবান, তেমনি পাড়া-প্রতিবেশীদের প্রতি সহানুভূতিশীল। তাই যেকোনো মানুষের বিপদে তিনি সকলের আগে সাহায্যের হাত বাড়িয়ে দেন।

**১৪. জনাব আব্দুল আলিমের চরিত্রে আল্লাহর কোন নামটির প্রভাব লক্ষ করা যায়?**
ⓚ রাউফুন ⓚ সামাদুন
ⓖ মুহাইমিনুন ⓖ হাসিবুন

**১৫. উক্ত নামের তাৎপর্য কী?**
ⓚ পরস্পরের প্রতি দয়াশীল হওয়া
ⓚ নিজ আমলের হিসাব রাখা
ⓖ অন্যের ওপর অমুখাপেক্ষী
ⓖ অন্যের অপরাধ ক্ষমা করে দেওয়া

**১৬. রিসালাত প্রক্রিয়া শুরু কোন নবি থেকে?**
ⓚ আদম (আ) ⓚ ইব্রাহিম (আ)
ⓖ নূহ (আ) ⓖ হযরত মুহাম্মদ (স)

Teachingbd24.com

https://teachingbd24.com

১৭. খতমে নবুয়তে বিশ্বাস করার বিধান কী?

ক) ফরজ　খ) ওয়াজিব
গ) সুন্নাত　ঘ) মুস্তাহাব

১৮. ★ কীসের প্রতি বিশ্বাস মানুষকে সৎকর্মশীল করে তোলে?

ক) তাওহিদে বিশ্বাস　খ) রিসালাতে বিশ্বাস
গ) আখিরাতে বিশ্বাস　ঘ) জান্নাতে বিশ্বাস

**নিচের উদ্দীপকটি পড়ে ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দাও:**

নেহাল ইসলামের সকল বিধান মেনে চলে। সে মনে করে তাকে আল্লাহর সামনে জবাবদিহি করতে হবে।

১৯. নেহালের বিশ্বাস আছে কোন বিষয়ে?

ক) একত্ববাদে　খ) রিসালাতে
গ) আকাইদে　ঘ) আখিরাতে

২০. নেহাল তার মৃত্যুর পর পেতে পারে—

i. জান্নাত
ii. শাফাআত
iii. শাস্তি

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii　খ) i ও iii
গ) ii ও iii　ঘ) i, ii ও iii

২১. গুরুত্বের দিকে ইসলামের কোন রুকুনের পরে যাকাতের স্থান?

ক) সালাতের　খ) সাওমের
গ) কালিমার　ঘ) হজের

২২. সামগ্রিক বিবেচনায় যাকাত অর্থ কী?

ক) পবিত্রতা　খ) পরিচ্ছন্নতা
গ) বৃদ্ধি　ঘ) ব্যয়

২৩. যাকাত ফরজ হওয়ার শর্ত কয়টি?

ক) চার　খ) পাঁচ
গ) ছয়　ঘ) সাত

২৪. 'আর আল্লাহ বলেছিলেন, আমি অবশ্যই তোমাদের সাথে আছি, যদি তোমরা সালাত কায়েম করো ও যাকাত দাও। এটি কোন সূরার আয়াত?

ক) সূরা আন-নুর　খ) সূরা আল মায়িদা
গ) সূরা আল বাকারা　ঘ) সূরা আল ইমরান

২৫. হজ হলো একটি—

ক) আর্থিক ও সামাজিক ইবাদত
খ) শারীরিক ও মানসিক ইবাদত
গ) আর্থিক ও শারীরিক ইবাদত
ঘ) আর্থিক ও পারিবারিক ইবাদত

২৬. যুবায়ের তার বাবার সাথে হজে গেল। বাবা তাকে হজের ওয়াজিব পালন করতে বললেন। যুবায়ের এক্ষেত্রে কোনটি করবে?

ক) সাফা ও মারওয়ার মাঝখানে দৌড়াবে
খ) সাফা পাহাড়ে রাত কাটাবে
গ) হেরাগুহায় অবস্থান করবে
ঘ) ইহরাম মুক্ত থাকবে

২৭. ★ 'কখনো আল্লাহর নিকট পৌঁছায় না এগুলোর গোশত এবং রক্ত বরং পৌঁছায় তোমাদের তাকওয়া।"— এটি কোন সূরার আয়াত?

ক) সূরা আল-হাজ্জ আয়াত-৩৯
খ) সূরা আল-শাফাআত আয়াত-১০৩
গ) সূরা আল-হাজ্জ, আয়াত-৩৭
ঘ) সূরা আল-শাফাআত আয়াত-১০৪-১০৫

২৮. কোন মূলনীতির আলোকে ইসলামের সকল বিধিবিধান প্রণীত হয়েছে?

ক) কুরআন ও হাদিসের
খ) ইজমা ও কিয়াসের
গ) বুখারি ও মুসলিমের
ঘ) তিরিমিযি ও আবু দাউদের

২৯. রাসুলুল্লাহ (স)-এর নবুয়তী দায়িত্বের পরিপূর্ণতার ইঙ্গিত রয়েছে—

ক) সূরা আল-কাদর-এ
খ) সূরা আল কুরাইশে
গ) সূরা আল-যিলযালে
ঘ) সূরা আন-নসরে

৩০. মুসলমানদের পরিপূর্ণ জীবনবিধান কোনটি?

ক) বুখারি শরিফ
খ) মুসলিম শরিফ
গ) বুখারি ও মুসলিম শরিফ
ঘ) আল-কুরআন

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | গ | ২ | ঘ | ৩ | খ | ৪ | ক | ৫ | ঘ | ৬ | গ | ৭ | ক | ৮ | ক | ৯ | গ | ১০ | ঘ | ১১ | খ | ১২ | ক | ১৩ | খ | ১৪ | ক | ১৫ | ক |
| ১৬ | ক | ১৭ | ক | ১৮ | গ | ১৯ | ঘ | ২০ | ঘ | ২১ | ক | ২২ | ক | ২৩ | ঘ | ২৪ | খ | ২৫ | গ | ২৬ | ক | ২৭ | ক | ২৮ | ক | ২৯ | ঘ | ৩০ | ঘ |

https://teachingbd24.com